

সর্বস্তরের জনসাধারণ

আসসালামু আলাইকুম...

এতদ্বারা ১নং চরতী ইউনিয়নের সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তৃণমূল মানুষের দোরগোড়ায় তথ্য ও সেবা প্রদান এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রতিটি ইউনিয়নে একটি করে “ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র” যাহার বর্তমান নাম ‘ইউনিয়ন ডিজিটাল সেন্টার’ স্থাপন করেছে। উক্ত ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বিভিন্ন সরকারি ও বেসরকারী সেবা প্রদান করা হয়। যা পেতে একজন সাধারণ মানুষকে বহুভাবে হয়রানি/কষ্ট স্বীকার করতে হত। যেসব সেবা সমূহ :-

### সরকারি সেবাসমূহঃ

১. জন্ম নিবন্ধন সনদ
২. মৃত্যু নিবন্ধন সনদ
৩. উত্তরাধিকার সনদ
৪. জাতীয়তা সনদ
৫. ভূমিহীন সনদ
৬. চারিত্রিক সনদ
৭. বিভিন্ন প্রত্যয়ন পত্র.
৮. অভিভাবকের আয়ের সনদ
৯. বিভিন্ন ধরনের চেয়ারম্যান সার্টিফিকেট
১০. পার্সপোর্টের জন্য আবেদন
১১. বিদ্যুতের মিটার পাওয়ার জন্য আবেদন
১২. বিভিন্ন মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানের তথ্য সেবা
১৩. অনলাইনের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ
১৪. নন জুডিশিয়াল স্ট্যাম্প বিক্রি
১৫. পর্চার আবেদন। এছাড়াও পৃথিবীর যে কোন প্রান্ত থেকে ওয়েবসাইটে অত্র ইউনিয়নের তথ্য জানা।

### বেসরকারি সেবাসমূহঃ

ইন্টারনেট ব্রাউজিং, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অনলাইনে ভর্তি, বিভিন্ন নিয়োগ পরীক্ষার অনলাইন আবেদন, স্কুল, কলেজ ও মাদ্রাসার অনলাইনে রেজিঃ ও ফরম পূরণ, বিভিন্ন প্রতিষ্ঠানের অনলাইন জরিপ সম্পন্ন করা, দেশ-বিদেশে বিভিন্ন ডকুমেন্ট পাঠানো বা ই-মেইল করা, বিভিন্ন পাবলিক পরীক্ষার ফলাফল, ভিসা চেকিং ও প্রিন্ট, দেশ-বিদেশে ছবি দেখে কথা বলা, কম্পিউটার কম্পোজ, সাদা-কালো ও রঙ্গিন প্রিন্ট, ইজিলোড, মোবাইল ব্যাংকিং, মাল্টিমিডিয়া প্রজেক্টর ভাড়া, ছবি প্রিন্ট, ফটোকপি, লেমিনেটিং করা ও তোলা, হারানো ও নষ্ট হওয়া রবি সীম রিপলেচ, এছাড়াও অনলাইনের দেশ-বিদেশের তথ্য সেবা প্রদান ইত্যাদি।

উল্লেখ্য থাকে যে, সরকারী সেবাসমূহ সরকারীভাবে নিযুক্ত ও ১নং চরতী ইউপি কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান ‘চরতী ইউনিয়ন ডিজিটাল সেন্টার’ থেকে গ্রহণ করা বিধেয়।

অতএব, আপনাদেরকে উপরোক্ত সেবা সমূহ গ্রহণ করতে অত্র ইউনিয়নের ‘ইউনিয়ন ডিজিটাল সেন্টারে’ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

প্রচারে :

মুহাম্মদ ইউনুছ

পরিচালক, ইউনিয়ন ডিজিটাল সেন্টার

১নং চরতী ইউনিয়ন পরিষদ, সাতকানিয়া, চট্টগ্রাম।

মোবাইল : ০১৮১৭৭৫৯০৯০, ই-মেইলঃ mdyounus88@gmail.com

ইউনিয়ন ওয়েবসাইটঃ charatiup.chittagong.gov.bd

(বিঃদ্রঃ ইউনিয়নের যে কোন ধরনের তথ্য দেখার জন্য ওয়েবসাইট দেখুন)